রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারী ১৩, ১৯৯২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৭শে পৌষ, ১৩৯৮/১১ই জানুয়ারী ১৯৯২

এস, আর, ও নং ৬-আইন/৯২/৩নিবি-২/৮৩/ডি-৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। সংক্ষিপ্ত শিরনামা—এই বিধিমালা গেজেটেড ও নন-গেজেটেড কর্মকর্তা ও কর্মচারী (আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর) নিয়োগবিধি, ১৯৯২ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে;

(খ) "তফসিল" বলিতে বিধিমালার সহিত সংযোজিত তফসিল বুঝাইবে;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকার বুঝাইবে এবং কোন নির্দ্দিষ্টকৃত পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত নিয়োগের ব্যাপারে, সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবেন;

(ঘ) "নির্দ্দিষ্টকৃত পদ" বলিতে তফসিলে উল্লেখিত পদ বুঝাইবে;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে নির্দ্দিষ্টকৃত পদের যোগ্যতা বুঝাইবে;

(চ) "শিক্ষানবিস" বলিতে নির্দ্দিষ্টকৃত পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে;

(ছ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" বলিতে আপাততঃ বলবত কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ডকে বুঝাইবে এবং এই বিধির উদ্দেশ্য পুরনকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য ঃ টাকা ৩·০০

৩। নিয়োগ পদ্ধতি—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষ এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯ (৩) এর উদ্দেশ্য পুরনকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন নির্দিষ্টকৃত পদে নিম্নবিধৃত পদ্ধতিতে নিয়োগ দান করা হইবে ঃ

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দ্দিষ্টকৃত পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগ-ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়;

তবে শর্ত থাকে যে, কোন ব্যক্তিকে কোন নির্দ্দিষ্টকৃত পদে এডহক ভিত্তিতে ইতিপুর্বে নিয়োগ করা হইয়া থাকিলে, উক্ত পদে অব্যাহতভাবে নিযুক্ত থাকাকালীন কার্যকালের জন্য তাহার সর্ব্বোচ্চ বয়সসীমা শিথিল করা যাইতে পারে।

৪। সরাসরি নিয়োগ—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন নির্দিষ্টকৃত পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(২) কমিশনের আওতাবহির্ভূত পদসমূহের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন নির্দিষ্টকৃত পদে কোন পদে সরাসরি নিয়োগ করা চলিবে না।

(৩) নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবে না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের ডমিসাইল না হন তবে যে ব্যক্তি পুর্ব হইতেই প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্ত রহিয়াছেন তাহার ক্ষেত্রে এই দফা প্রযোজ্য হইবে না;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন নির্দিষ্টকৃত পদে সরাসরি নিয়োগ করা হইবে না; যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষ তৎকর্তৃক মনোনীত কোন মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যায়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা নির্দ্দিষ্টকৃত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে, এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পুর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। পদোন্নতির মাধ্যমে নিয়োগ—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবেঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর নির্দিষ্টকৃত পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্টকৃত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। শিক্ষানবিস—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্ট পদের নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসী স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবে।

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসী মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন।

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষন না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাস করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ—এতদ্বারা The Gazetted Officers (Directorate of Inter-Services Public Relations) Recruitment Rules, 1978 এতদ্বারা রহিত করা হইল।**

তফসিল

| ক্রমিক নং | নির্দিষ্টকৃত পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | পরিচালক | .. | উপ-পরিচালক পদ হইতে পদোন্নতির মাধ্যমে অথবা, পদোন্নতির জন্য উপযুক্ত কাউকে পাওয়া না গেলে, প্রতিরক্ষা বাহিনীর শিক্ষা কোরের বা বি, সি, এস, তথ্য ক্যাডারের সমপর্যায়ের কোন অফিসারকে প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে ন্যূনতম পাঁচ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২ | উপ-পরিচালক | .. | (ক) সহকারী পরিচালক/গবেষণা কর্মকর্তা পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) পদোন্নতির জন্য উপযুক্ত কাউকে না পাওয়া গেলে প্রতিরক্ষা বহিনীর শিক্ষা কোরের বা বি, সি, এস তথ্য ক্যাডারের সমপর্যায়ের কোন কর্মকর্তাকে প্রেষণে বদলীর মাধ্যমে। | ফিডার পদে ন্যূনতম সাত বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৩ | সহকারী পরিচালক | অনূর্ধ্ব ৩০ বৎসর | (ক) ২/৩ ভাগ পদ সহকারী তথ্য অফিসার পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ১/৩ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার পদে ন্যূনতম পাঁচ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | গবেষণা কর্মকর্তা | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর অনার্সসহ ২য় শ্রেণীর মাস্টার্স ডিগ্রী। |
| ৫ | সহকারী তথ্য অফিসার | ঐ | (ক) ½ ভাগ পদ প্রকাশনা সহকারী বা উচ্চমান সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(খ) ½ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার পদে ন্যূনতম আট বৎসরের অভিজ্ঞতা।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>স্বীকৃতিপ্রাপ্ত কোন বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৬ | প্রকাশনা সহকারী | অনর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ন্যূনতম পক্ষে স্নাতক ডিগ্রী। |
| ৭ | ষ্টেনোগ্রাফার (পি, এ) | | The Stenographers and Steno-Typists ( Ministries, Divisions and Attached Departments Recruitments Rules, 1978 S.R.O. No. 109-1/78/ED/SWIII-3-18/78-128, Dt. 16-5-78 এবং S. R. O. No. 57-L/86 dt. 16-2-86 অনুযায়ী) | |
| ৮ | উচ্চমান সহকারী | ঐ | টাইপিস্ট-কাম-এল,ডি,এ, বা ভাণ্ডার-রক্ষক পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | ফিডার পদে ন্যূন পক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৯ | টাইপিস্ট-কাম-এল,ডি,এ. | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন।<br>(খ) প্রতি মিনিটে বাংলা ২০ শব্দ ও ইংরেজী ৩০ শব্দ মুদ্রাক্ষর লিখনে সক্ষম হইতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১০ | ভাণ্ডার রক্ষক | অনূর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১১ | ড্রাইভার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ বৈধ লাইসেন্সসহ হালকা ও ভারী যানবাহন চালনা জানিতে হইবে। অভিজ্ঞতা অগ্রগন্য। |
| ১২ | এম, এল, এস, এস | (নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, দপ্তরী, ডেসপাস রাইডার ও এম, এল, এস, এস, (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) নিয়োগবিধি ১৯৮৫ নং এস, আর, ও ১২৭-এল/৮৫ইং এবং ২০-৯-৮৭ইং তারিখের নং এস, আর, ও ১৯৯-আইন/৮৭/সম(এডি-১)-১৫৩/৮৬ অনুযায়ী)। | | |
| ১৩ | ক্যামেরাম্যান | অনূর্দ্ধ ৩০ বৎসর | (ক) ফটোগ্রাফার/ফিল্ম ডেভেলপমেন্ট টেকনিশিয়ান পদ হইতে পদোন্নতির মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>ফিডার পদে ন্যূনতম ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ মুভি ক্যামেরা পরিচালনায় ক্ষমতাসম্পন্ন।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>কোন অনুমোদিত বোর্ড হইতে এইচ,এস,সি, বিজ্ঞান তৎসহ ফটোগ্রাফার/ক্যামেরাম্যান হিসাবে অন্যূন তিন বৎসরের অভিজ্ঞতা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | ফটোগ্রাফার | অনূর্দ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | (ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক (বিজ্ঞান) সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ, কিংবা সমমানের শিক্ষাগত যোগ্যতা।<br>(খ) পরিস্ফুটন, পরিবর্ধন ও মুদ্রনসহ আলোকচিত্রের আধুনিক কলাকৌশল সম্পর্কে পুরোপুরি জ্ঞান থাকিতে হইবে এবং ক্যামেরা, এনলাজার ইলেকট্রনিক ফ্লাশগান ইত্যাদির মত উন্নতমানের সাজসরঞ্জাম চালনায় সক্ষম হইতে হইবে। |
| ১৫ | ফিল্ম ডেভেলপমেন্ট টেকনিশিয়ান | ঐ | (ক) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে<br>(খ) ৫০% অন্ধকার কক্ষ সহকারীদের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে। পদোন্নতির যোগ্য প্রার্থী না পাওয়া গেলে পদোন্নতির কোটাভুক্ত পদ সরাসরি নিয়োগের কোটাভুক্ত হইবে। | সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন।<br>(খ) পরিস্ফুটন, মুদ্রন ও পরিবর্ধন ফটোক্যামিক্যাল তৈরী ফটো ওয়াশিং, গ্লেজিং, ট্রিমিং সম্পর্কে পূর্ন জ্ঞানসহ স্বাধীনভাবে অন্ধকার কক্ষ ব্যবহার ও অন্ধকার কক্ষের সরঞ্জাম রক্ষণাবেক্ষণে সক্ষম হইতে হইবে।<br>(গ) ফটোগ্রাফিক জ্ঞান এবং ছবিরিটাচিং ও ফিনিশিং এর ক্ষমতা অগ্রগন্য।<br>(ঘ) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা পাশসহ অন্ধকারে কক্ষ সহকারী পদে ন্যূনতম ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬ | অন্ধকার কক্ষ সহকারী | অনুদ্ধ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী উত্তীর্ণ। ফটোকেমিক্যাল তৈরী ছবি ওয়াশিং, গ্লেজিং, ট্রিমিং ইত্যাদির জ্ঞানসহ ফটোগ্রাফিক স্টুডিওতে কাজের অভিজ্ঞতা এবং অন্ধকার কক্ষের সরঞ্জাম রক্ষণাবেক্ষণের জ্ঞান ও ক্ষমতা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

আনিসুর রহমান
সচিব।

মোঃ সিদ্দিকুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।